

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৪৯

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أحوال القيامة وبدء الخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - হিসাব-নিকাশ, প্রতিশোধ গ্রহণ ও মীযানের বর্ণনা

### الفصل الاول (باب الحساب و القصاص و الميزان)

আরবী

عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَيْسَ أَحَدٌ يُحَاسَبُ يَوْمَ الْقِيَامَةِ إِلَّا هَلَكًا». قُلْتُ: أَوْ لَيْسَ يَقُولُ اللَّهُ: (فَسَوْفَ يُحَاسَبُ حَسَابًا يَسِيرًا) فَقَالَ: «إِنَّمَا ذَلِكَ الْعَرَضُ وَلَكِنْ مَنْ نُوقِشَ فِي الْحِسَابِ يَهْلِكُ». مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (103) و مسلم (79 / 2876) ، (7225) -  
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৫৪৯-[১] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: কিয়ামতের দিন যার হিসাব নেয়া হবে, সে অবশ্যই ধ্বংস হবে। [‘আয়িশাহ্ (রাঃ) বলেন,] আমি বললাম, আল্লাহ তা’আলা কি এ কথা বলেননি, “শীঘ্রই তার নিকট থেকে সহজ হিসাব নেয়া হবে”। উত্তরে তিনি (সা.) বললেন, সেটা হলো শুধু পেশ করা মাত্র। কিন্তু যার হিসাব খুঁটিনাটি যাচাই করা হবে, সে ধ্বংস হবেই। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৪৯৩৯, মুসলিম ৮০-(২৮৭৬), সহীহ ইবনু হিব্বান ৭৩৬৯, সহীহুল জামি ৬২২০, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৫৯৪, আবু ইয়া'লা ৪৪৫৩, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১৬৫৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ نُوقِشَ فِي الْحِسَابِ) ফায়িক গ্রন্থকার বলেন, বলা হয় (نَاقَشَهُ الْحِسَابَ) যখন খুঁটিনাটি করে হিসাব

নেয়া হয় এবং কম বা বেশি কিছুই ছাড়া হয় না। তন্ন তন্ন করে খোঁজা, অর্থাৎ বলা হবে, অমুকে কেন কাজ করেছে, অমুকে কেন করেনি। এজন্য হিসাবের সামনে মুক্তি পাওয়া খুবই মুশকিল। প্রতি নিঃশাসে আল্লাহর নি'আমাত রয়েছে। আর সব নি'আমাতের শুকরিয়া করা ওয়াজিব। তো এমন ইবাদত কোন বান্দা করতে সক্ষম হবে যে, সে এক মুহূর্তও আল্লাহর স্মরণ থেকে গাফেল থাকবে না?

(علاء) এর অর্থ ধ্বংস হওয়া, যেসব মন্দ 'আমল প্রকাশ করেছে তার বিনিময়ে শাস্তি দেয়া। আল্লাহ তা'আলার বাণীতে সহজ হিসাব বলতে এর মর্মার্থ হলো তার 'আমলকে পেশ করা মাত্র। আসলে খুঁটিনাটি করে হিসাব নেয়া নয়। আয়াতে হিসাব দ্বারা উদ্দেশ্য হলো পেশ করা অর্থাৎ 'আমল প্রকাশ করে দেয়া। এতে সে তার গুণাহকে চিনতে পারবে। পরে তাকে ক্ষমা করা হবে তার প্রতি অনুগ্রহ দেখিয়ে। যেমন খুঁটিনাটি হিসাব তা প্রতি ইনসাফ করার অর্থে ব্যবহার হয়। (তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৪২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85527>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন